গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট

এবং

সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র


দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

রুপকল্প ২০২১ এবং টেকসই উন্নয়নের অভিষ্ট লক্ষ অর্জনের নিমিত্ত ২২,৯৮৩টি এমপিওভূক্ত রেজিষ্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, ৫৪৯ টি এমপিওভূক্ত কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় এবং এনজিও পরিচালিত ১৩০টি বিদ্যালয় ও প্রায় ৯৪০০০ জন শিক্ষক জাতীয়করণের পর মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে বিগত ০৩ (তিন) বছরে মোট ১১৭৭ টি প্রাথমিক বিদ্যালয় ও জেলা/ উপজেলা শিক্ষা অফিস পরিদর্শন করা হয়েছে। নিয়মিত পরিদর্শনের ফলে বিদ্যালয়ে শিক্ষার্থী উপস্থিতির হার বৃদ্ধি ও ঝরে পরা উল্লেখযোগ্যভাবে হ্রাস করা সম্ভব হয় এবং প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় পাশের হার বৃদ্ধি পেয়ে ৯৮% এ উন্নীত হয়। বিদ্যালয় ও শিক্ষক জাতীয়করণের ধারাবাহিকতায় উদ্ভুত ২৪৬টি মামলার মধ্যে ১৪২টি মামলা নিস্পত্তি করা হয়। বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের অবসরগ্রহণকারী ও মৃত্যুবরণকারী ২২১২ জন শিক্ষককে কল্যাণ ট্রাস্ট থেকে ২৯,২৯,০৮,৯১৯/= (উনত্রিশ কোটি উত্রিশ লক্ষ আট হাজার নয়শত উনিশ) টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের নিজস্ব কোনো ভবন না থাকায় দাপ্তরিক কার্যক্রম পরিচালনা ব্যাহত হয়। ইউনিটের প্রোগ্রামারের পদটি দীর্ঘদিন শূন্য থাকায় তথ্য উপাত্তসহ ডাটাবেজ সংরক্ষণ এবং ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে অসুবিধা হয়। দেশি বিদেশি প্রশিক্ষণের পর্যাপ্ত সুযোগ না থাকায় ইউনিটের কর্মকর্তা/কর্মচারীগণ প্রাথমিক শিক্ষায় দক্ষ জনবল হিসাবে গড়ে উঠতে পারছে না। বিদ্যালয়সমূহ পরিদর্শন শেষে পরিদর্শনকারী কর্মকর্তার সুপারিশসমূহ দ্রুত বাস্তবায়ন হচ্ছে না।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের স্বার্থে জেলা/উপজেলা শিক্ষা অফিসসহ সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনের মাধ্যমে একাডেমিক, প্রশাসনিক, আর্থিক শৃঙ্খলা ও জবাবদিহির আওতায় আনা। মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে ২০২৫ সালের মধ্যে ৬০০ বিদ্যালয় এবং ২০০টি অফিস পরিদর্শনপূর্বক সুপারিশ বাস্তবায়ন নিশ্চিত করা। অফিসের সুস্থ কর্মপরিবেশের লক্ষ্যে নিজস্ব অফিস ভবনে কার্যক্রম পরিচালনা এবং শুন্য পদ সমূহ পুরণ করা। ২০২৫ খ্রিষ্টাব্দের মধ্যে মামলা/অন্যান্য প্রশাসনিক কারণে যে সকল বিদ্যালয়/শিক্ষক জাতীয়করণ হতে বাদ পড়েছেন তাদের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ। রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে অবসর, মৃত্যুবরণকারী ও পদত্যাগী শিক্ষকগণের আবেদন প্রাপ্তি সাপেক্ষে বিষয়টি নিষ্পত্তি করা।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ২০০টি প্রাথমিক বিদ্যালয়, ১০টি জেলা পর্যায়ের অফিস/পিটিআই এবং ২০ উপজেলা পর্যায়ের অফিস/ইউআরসি সরেজমিনে পরিদর্শনপূর্বক মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ;
- মামলা/অন্যান্য প্রশাসনিক কারণে যে সকল বিদ্যালয়/শিক্ষক জাতীয়করণ হতে বাদ পড়েছেন তা পুন: যাচাই-বাছাই করে সুপারিশ প্রেরণ;
- এমপিওভুক্ত রেজিস্টার্ড এবং কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জাতীয়করণ সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যসহ মতামত প্রেরণ ;
- অফিসের কর্মকর্তা- কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নের জন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণ;

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট

এবং

সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের ২৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সবার জন্য মানসম্মত ও একীভূত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ

### ১.২ অভিলক্ষ্য (Mission)

শিক্ষার গণগত মান উন্নয়ন ও সুযোগ সম্প্রসারণের মাধ্যমে সবার জন্য মানসম্মত ও একীভূত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. প্রাথমিক বিদ্যালয় ও অফিস সরেজমিনে পরিদর্শনপুর্বক বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্থিতির হার বৃদ্ধি, ঝরে পরার হার হ্রাস ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ;

২. সাবেক এমপিওভূক্ত রেজিস্ট্াড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় এবং কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক কর্তৃক আবেদনকৃত জাতীয়করণ সম্পর্কিত বিষয় নিষ্পত্তির লক্ষ্যে যথাযথ কর্তপক্ষের নিকট প্রয়োজনীয় তথ্যসহ সুপারিশ প্রেরণ

৩. প্রশাসনিক কারণে যে সকল বিদ্যালয়/ শিক্ষক জাতীয়রণ হতে বাদ পড়েছেন তা পুন: যচোই বাছাই করে জাতীয়করণের আওতায় আনয়নের ব্যাপারে সুপরিশ প্রেরণ

৪. অফিসের কর্মকর্তা/ কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নের জন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রস্তুতকরণ ও ওয়েবসাইটে প্রকাশ;

২. মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে সার্বিক সহায়তা প্রদান;

৩. সাবেক বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের মৃত্যুবরণকারী/অবসরগ্রহণকারী শিক্ষকগণের এককালীন আর্থিক অবসরভাতা প্রদান;

৪. প্রাথমিক বিদ্যালয় ও প্রাথমিক শিক্ষা সংক্রান্ত জেলা/পিটিআই/উপজেলা অফিসসমূহ নিয়মিত পরিদর্শনপূর্বক মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

৫. সাবেক এমপিওভূক্ত রেজিস্টার্ড বেরসকারী প্রাথমিক বিদ্যালয় এবং কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষকগণ কর্তৃক দায়েরকৃত মামলায় সরকারের পক্ষে প্রতিদ্বন্ধিতা করা;

৬. কর্মকর্তা/কর্মচারীদের আবেদিত চাকুরি সংক্রান্ত বিষয়সমূহ সরকারি বিধান মোতাবেক নিস্পত্তি করা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে সহায়ক হবে | প্রাথমিক শিক্ষা চক্র সম্পন্নের হার বৃদ্ধি | % | ১৮.০ | ১৮.০ | ১৮.০ | ১৮.০ | ১৮.০ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের মাসিক/বার্ষিক প্রতিবেদন। |
| প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ | শিক্ষার্থী ভর্তির হার বৃদ্ধি | % | ৯৮.৭ | ৯৮.৯ | ৯৯.০ | ৯৯.৫ | ৯৯.৬ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের মাসিক/বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] প্রাথমিক বিদ্যালয় ও অফিস সরেজমিনে পরিদর্শনপূর্বক বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্থিতির হার বৃদ্ধি, ঝরে পরার হার হ্রাস ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ; | ৪০ | [১.১] বিদ্যালয় পরিদর্শন | [১.১.১] পরিদর্শিত বিদ্যালয় | সমষ্টি | সংখ্যা | ১৫ | ২০০ | ২০০ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ২০০ | ২০০ |
| | | [১.২] উপজেলা শিক্ষা অফিস/রিসোর্স সেন্টার পরিদর্শন | [১.২.১] পরিদর্শিত উপজলো শিক্ষা অফসি/রিসোর্স সেন্টার | সমষ্টি | সংখ্যা | ১৫ | ২০ | ২০ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২০ | ২০ |
| | | [১.৩] জেলা প্রাথমিক শিক্ষা অফিস/পিটিআই পরিদর্শন | [১.৩.১] পরিদর্শিত জেলা প্রাথমিক শিক্ষা অফিস/পিটিআই | সমষ্টি | সংখ্যা | ১০ | ১০ | ১৫ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১০ | ১০ |
| [২] সাবেক এমপিওভূক্ত রেজিস্টাড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় এবং কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক কর্তৃক আবেদনকৃত জাতীয়করণ সম্পর্কিত বিষয় নিষ্পত্তির লক্ষ্যে যথাযথ কর্তপক্ষের নিকট প্রয়োজনীয় তথ্যসহ সুপারিশ প্রেরণ | ১০ | [২.১] আইনী মতামত/সুপারশি প্রদান। | [২.১.১] সুপারিশকৃত শিক্ষক | সমষ্টি | % | ১০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] প্রশাসনিক কারণে যে সকল বিদ্যালয়/ শিক্ষক জাতীয়রণ হতে বাদ পড়েছেন তা পুন: যচোই বাছাই করে জাতীয়করণের আওতায় আনয়নের ব্যাপারে সুপরিশ প্রেরণ | ১০ | [৩.১] মাঠ পর্যায় থেকে প্রাপ্ত আবেদন/চিঠি/তথ্য যাচাই/বাছাই পূর্বক সুপারিশ প্রদান | [৩.১.১] সুপারিশকৃত শিক্ষক | সমষ্টি | % | ১০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| [৪] অফিসের কর্মকর্তা/ কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নের জন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণ | ১০ | [৪.১] কর্মকর্তা-কর্মচারীগণের জন্য ইনহাউজ প্রশিক্ষণ আয়োজন | [৪.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী | সমষ্টি | সংখ্যা | ১০ | ৩৫ | ৩৩ | ৩২ | ২৯ | ২৬ | ২২ | ১৯ | ২৯ | ২৯ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

................................................ 28|৬|2028

মহাপরিচালক
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট

তারিখ

28|৬|2028

................................................ ................................................

সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | CPEIM | Compulsory Primary Education Implementation Monitoring Unit |
| ২ | আরপিএস | রেজিষ্টার্ড প্রাইমারী স্কুল |
| ৩ | ইউআরসি | উপজেলা রিসোর্স সেন্টার |
| ৪ | ইউইও | উপজেলা এডুকেশন অফিসার |
| ৫ | এমপিও | মান্থলি পে-অর্ডার (Monthly pay order) |
| ৬ | ডিপিইও | ডিস্ট্রিক্ট প্রাইমারি এডুকেশন অফিসার |
| ৭ | পিটিআই | প্রাইমারি ট্রেইনিং ইন্সটিটিউট |
| ৮ | প্রাগম | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ৯ | বাপ্রাশি | বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা |
| ১০ | সিপিইআইএম ইউ | বাধ্যতামুলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট |
| ১১ | সিপিএম | কমিউনিটি প্রাইমারী স্কুল |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] বিদ্যালয় পরিদর্শন | [১.১.১] পরিদর্শিত বিদ্যালয় | বাধ্যতামুলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | মাঠ পর্যায়ের পরিদর্শন শেষে প্রতিবেদন দাখিল |
| [১.২] উপজেলা শিক্ষা অফিস/রিসোর্স সেন্টার পরিদর্শন | [১.২.১] পরিদর্শিত উপজলো শিক্ষা অফসি/রিসোর্স সেন্টার | বাধ্যতামুলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | পরিদর্শন প্রতিবেদনের কপি উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ |
| [১.৩] জেলা প্রাথমিক শিক্ষা অফিস/পিটিআই পরিদর্শন | [১.৩.১] পরিদর্শিত জেলা প্রাথমিক শিক্ষা অফিস/পিটিআই | বাধ্যতামুলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | পরিদর্শন প্রতিবেদনের কপি উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ |
| [২.১] আইনী মতামত/সুপারশি প্রদান। | [২.১.১] সুপারিশকৃত শিক্ষক | বাধ্যতামুলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | সরেজমিনে যাচাই বাছাই- তথ্য উপাত্তের ভিত্তিতে মতামত/ সুপারিশের কপি প্রেরণ |
| [৩.১] মাঠ পর্যায় থেকে প্রাপ্ত আবেদন/চিঠি/তথ্য যাচাই/বাছাই পূর্বক সুপারিশ প্রদান | [৩.১.১] সুপারিশকৃত শিক্ষক | বাধ্যতামুলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | সরেজমিনে যাচাই বাছাই এর প্রতিবেদনের কপি |
| [৪.১] কর্মকর্তা-কর্মচারীগণের জন্য ইনহাউজ প্রশিক্ষণ আয়োজন | [৪.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী | বাধ্যতামুলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট | প্রশিক্ষণের নোটিশ ও প্রশিক্ষণার্থীদের হাজিরা |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ